

বিশেষ অনুশীলন-১ (২০২০)

বিষয় কোডঃ ১৩৪

শ্রেণিঃ দশম

বিষয়ঃ কৃষি শিক্ষা

মোট সময়ঃ ৭৫ মিনিট

পূর্ণমানঃ ৫০

সময়ঃ ৩০ মিনিট

বহুনির্বাচনী অভিক্ষা

পূর্ণমানঃ ৩০

- ১। কোনটি মাটির নিচে থাকে?
(ক) মাজরা পোকা (খ) পামরী পোকা
(গ) উরচুঙ্গা পোকা (ঘ) গান্ধি পোকা
- ২। কোন রোগে সরিষার পাতায় কালো দাগ পড়ে?
(ক) ব্লাস্ট রোগ (খ) কালোপট্টি
(গ) অল্টারনারিয়া (ঘ) অরোবাংকি
- ৩। নিচের কোনটি পাটের ক্ষতিকর পোকা?
(ক) চেলে পোকা (খ) মাজরা পোকা
(গ) পামরী পোকা (ঘ) বিটল পোকা
- ৪। বৃষ্টিনির্ভর ফসল কোনটি?
(ক) সরিষা (খ) পাট (গ) পিঁয়াজ (ঘ) গম
- ৫। ধানের বীজ শোধনের জন্য কত তাপমাত্রার পানিতে ডুবতে হবে?
(ক) ২৫-৩০°C (খ) ৩৫-৪৫°C
(গ) ৫২-৫৫°C (ঘ) ৪২-৪৫°C
- ৬। সকালে শিশির ভেজা অবস্থায় কোন ফসল সংগ্রহ করা উত্তম?
(ক) শিম (খ) বেগুন
(গ) মাসকলাই (ঘ) সরিষা
- ৭। আলুর ভাইরাস রোগের বিকল্প বাহক হিসাবে কোনটি কাজ করে?
(ক) দূর্বা (খ) মেথি (গ) বথুয়া (ঘ) কাঁটানেট
- ৮। বাংলাদেশে দানাজাতীয় ফসলের মধ্যে কোনটির উৎপাদন সবচেয়ে বেশি?
(ক) ধান (খ) গম (গ) ভূট্টা (ঘ) ছোলা
- ৯। কাউ পচা রোগ হয় কোন ফসলের?
(ক) পাট (খ) সরিষা (গ) ধান (ঘ) মাষকলাই
- ১০। ধান চাষে জৈব সার কখন প্রয়োগ করতে হয়?
(ক) প্রথম চাষের সময়
(খ) চারা গজানোর ১৫দিন পর
(গ) চতুর্থ চাষের সময়
(ঘ) তৃতীয় চাষের সময়
- ১১। কোন পোকাকার আক্রমণ বেশি হলে ধানক্ষেতে গাছ পুড়ে যাওয়ার রং ধারণ করে?
(ক) বাদামী গাছ ফড়িং (খ) গল মাছি
(গ) পামরী পোকা (ঘ) মাজরা পোকা
- ১২। কোন রোগে আক্রান্ত হলে ধান ফসলের কুশি হয় না?
(ক) ব্লাস্ট রোগ (খ) পাতা পচা রোগ
(গ) টুংরো রোগ (ঘ) রেডরট রোগ
- ১৩। বাংলাদেশে সাধারণত কয় জাতের পাট চাষ করা হয়?
(ক) ১ (খ) ২ (গ) ৩ (ঘ) ৪
- ১৪। ধানের বীজ গরম পানিতে কত মিনিট ডুবিয়ে রাখা উচিত?
(ক) ১০ (খ) ২০ (গ) ১৫ (ঘ) ২৫
- ১৫। গাজী ধানের বৈশিষ্ট্য হলো-
i. গাছ খাটো হয় ii. পাতা হেলানো হয়
iii. ফলন বেশি হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii ও iii
- ১৬। কোন সবজি চাষে নাইট্রোজেন সারের তেমন দরকার হয় না?
(ক) শিম (খ) লাউ
(গ) চালকুমড়া (ঘ) মিষ্টিকুমড়া
- ১৭। শাকসবজিতে প্রচুর পরিমাণে কোন ভিটামিন থাকে?
(ক) ভিটামিন সি (খ) ভিটামিন ডি
(গ) ভিটামিন ই (ঘ) ভিটামিন কে
- ১৮। কোন সবজির পাকা ফল মোরক্বা ও হালুয়া তৈরীতে ব্যবহৃত হয়?
(ক) লাউ (খ) বেগুন (গ) চালকুমড়া (ঘ) টমেটো
- নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :
সিয়াম তার মাষকলাই জমিতে গিয়ে দেখল অনেক গাছের পাতার ওপরে হলদে সবুজ দাগ পড়েছে। দূর থেকে আক্রান্ত জমি হলদে মনে হয়।
- ১৯। সিয়ামের জমিতে কোন রোগের আক্রমণ হয়েছে?
(ক) পাতার দাগ রোগ
(খ) পাউডারি মিলডিও রোগ
(গ) হলদে মোজাইক রোগ
(ঘ) ব্লাস্ট রোগ
- ২০। সিয়ামের ক্ষেতে রোগটি দমনে -
i. ম্যালাথিয়ন স্প্রে করতে হবে
ii. আক্রান্ত গাছ তুলে পুড়িয়ে ফেলতে হবে
iii. রোগমুক্ত বীজ বপন করতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i, ii (খ) i, iii (গ) ii, iii (ঘ) i, ii ও iii

- ২১। পালংশাকের বীজ বপন করার সময় কখন?
 (ক) ফেব্রুয়ারী - মার্চ (খ) এপ্রিল - জুন
 (গ) জুলাই - আগস্ট (ঘ) সেপ্টেম্বর - জানুয়ারী
- ২২। রসুনের কার্যকারিতা কী?
 (ক) বাত রোগ সারে
 (খ) মাথার খুশকি দূর করে
 (গ) চর্মরোগ দূর করে
 (ঘ) রিকেটস রোগ দূর করে
- ২৩। ইসলামপুরী, নয়নতারা উন্নত জাতের কী?
 (ক) শিম (খ) বেগুন
 (গ) পালংশাক (ঘ) মিষ্টিকুমড়া
- ২৪। লাউ তোলার উপযুক্ত পর্যায় কয়টি?
 (ক) ২ (খ) ৪ (গ) ৩ (ঘ) ৫
- ২৫। কোন সবজি কাঁচা ও পাকা উভয় অবস্থায় খাওয়া যায়?
 (ক) বেগুন (খ) মিষ্টিকুমড়া (গ) বিঙ্গা (ঘ) পটোল
- ২৬। কোন ফসলটির শিকড়ে প্রচুর বায়ুমণ্ডলীয় নাইট্রোজেন জমা থাকে?
 (ক) মুলা (খ) শিম (গ) লাউ (ঘ) কুমড়া
- ২৭। কলম চারা ব্যবহারের মাধ্যমে বেগুনের কোন রোগ দমন করা যায়?
 (ক) উইল্ট রোগ (খ) মাছি পোকা
 (গ) গোড়া পচারোগ (ঘ) পাতায় দাগ
- ২৮। তারাপুরী কী?
 (ক) মরিচের জাত (খ) ধানের জাত
 (গ) টমেটোর জাত (ঘ) বেগুনের জাত
- ২৯। পাট চাষের জন্য সবচেয়ে উপযোগী মাটি কোনটি?
 (ক) বেলে মাটি (খ) দো-আঁশ মাটি
 (গ) এঁটেল মাটি (ঘ) এঁটেল-দোআঁশ মাটি
- ৩০। উফশী অর্থ কী?
 (ক) নিম্ন ফলনশীল (খ) উচ্চ ফলনশীল
 (গ) মাঝারী ফলনশীল (ঘ) অতি নিম্নফলনশীল

সৃজনশীল প্রশ্ন

সময়ঃ ৪৫ মিনিট

পূর্ণমানঃ ২০

১। সচেতন কৃষক কালাম সাহেব বোরো ধান চাষের জন্য বিএডিসি বীজ বিক্রয় কেন্দ্র থেকে ৬ কেজি উফসী ধানের বীজ ক্রয় করেন। তিনি ৯.৫ মিটার দৈর্ঘ্যের বেডের বীজতলা তৈরী করে সেখানে চারা উৎপাদন করেন এবং তা মূল জমিতে রোপণ করেন।

- ক) কৃষকের ভাষায় মাটি কাকে বলে? ১
 খ) বীজতলায় রাসায়নিক সার ব্যবহার না করা উত্তম কেন? ২
 গ) কালাম সাহেবের ক্রয়কৃত বীজের জন্য তৈরীকৃত বীজতলার নকশা অঙ্কন কর। ৩
 ঘ) মানসম্মত চারা উৎপাদনে কালাম সাহেবের কার্যক্রম মূল্যায়ন কর। ৪

২। আমেনা বেগম বিল অঞ্চলে উঁচু ভিটে বাড়িতে বসবাস করেন। যুব উন্নয়ন অধিদপ্তর থেকে সবজি চাষের উপর প্রশিক্ষণ নিয়ে বাড়ির পাশে ২০০ বর্গমিটার জমিতে পালংশাক চাষ করে সফলতা লাভ করেন। এ সফলতার পর তিনি বিলে অবস্থিত তার জমিগুলোর উঁচু আলে শিম চাষের পরিকল্পনা গ্রহণ করেন।

- ক) আধুনিক ধান কাকে বলে? ১
 খ) কোন পরিস্থিতিতে ধানগাছ পুড়ে যাওয়ার রং ধারণ করে মরে যায় তা লিখ। ২
 গ) আমেনা বেগম তার পালংশাকের জমিতে কত কেজি ইউরিয়া সার প্রয়োগ করেছিলেন? ৩
 ঘ) “আমেনা বেগমের গৃহীত পদক্ষেপ ভূমির সর্বোত্তম ব্যবহারে অনুকরণীয়”- বক্তব্যটির সমর্থনে তোমার মতামত দাও। ৪